

কলার বানছি টপ ভাইরাস

রোগের কারণ : এ রোগ বিবিটিভি (BBTV) নামক ভাইরাস দ্বারা হয়।

রোগের লক্ষণ :

১. এ রোগ আক্রান্ত গাছের পাতা সরু, খাটো ও উপরের দিকে খাড়া হয়ে থাকে।
২. কচি পাতার কিনারা উপরের দিকে বাকানো ও সমতল এবং হলুদ রং এর হয়।
৩. একটি পাতা বের হয়ে বৃদ্ধি পাবার আগেই আর একটি পাতা বের হয়, কিন্তু পত্রবৃন্ত যথাযথভাবে বৃদ্ধি পায় না। ফলে অনেকগুলো পাতা একত্রে গুচ্ছ করা বা ঝাড়ুর মত দেখা যায়। কোথাও কোথাও এরূপ লক্ষণকে 'শয়তানীর বাট' বলা হয়।
৪. গাছ ছোট অবস্থায় এ ভাইরাসে আক্রান্ত হলে মোচা কখনও বের হয় আবার কখনও বের হয়না।
৫. ফুল আসার আগে আক্রমণ হলে গাছের মোচা বের হলেও স্বাভাবিক ফল হয়না।



ছবি: বানছি টপ ভাইরাসে আক্রান্ত কলা গাছ

দমন ব্যবস্থাপনা:

১. রোগ মুক্ত সাকার রোপন করতে হবে।
২. বাঞ্চিটপ প্রতিরোধি জাতের চাষ করতে হতে হবে।
৩. এ ভাইরাসের বাহক জাব পোকা দমনের জন্য প্রতি হেক্টর জমিতে ইমিডাক্লোপ্রিড (Imidacloprid) গ্রুপের যেমন : এডমায়ার ২০ এস এল ০.৫ মিলি হারে অথবা সাইপারমেথ্রিন (Cypermethrin) গ্রুপের রিপকর্ড ১০ ইসি প্রতি লিটার পানিতে ১ মিলি হারে একবার প্রয়োজনে ১৫ দিন পরে আর একবার স্প্রে করতে হবে।
৪. রোগাক্রান্ত গাছ দেখা মাত্র গোড়ার সাকার তুলে কুচিকুচি করে কেটে শুকিয়ে পুড়িয়ে ফেলতে হবে।

আরও তথ্যের জন্য:

পরিচালক উদ্ভিদ সংরক্ষণ উইং, ডিএই, খামারবাড়ি, ঢাকা-১২১৫। E-mail: dppw@dae.gov.bd

বিস্তারিত জানার জন্য আপনার নিকটস্থ উপসহকারী কৃষি অফিসার অথবা উপজেলা কৃষি অফিসে যোগাযোগ করুন।